

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৩২৬

১১/ জানাযা

পরিচ্ছেদঃ জানাযার স্বলাতে যে সব দু'আ পড়া হয়

আরবী

وَعَنْ أَبِيْ هُرِيْرَةَ وَأَبِي قَتَادَةَ وَأَبِي إِبرَاهِيمَ الأَسْهَلِي، عَنْ أَبِيهِ – وَأَبُوهُ صَحَابِيُّ، عَنِ النَّبِيِّ وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ وَأَنْتَانَا وَسَاهِدِنَا وَكَبِيرِنَا وَذَكَرِنَا وَأُنْتَانَا وَشَاهِدِنَا وَغَائِبِنَا اللَّهُمَّ مَنْ أَحْيَيْتَهُ مِنَّا فَأَحْيِهِ عَلَى الإسْلاَمِ وَمَنْ تَوَقَيْتُهُ مِنَّا فَتَوقَّهُ عَلَى الإسْلاَمِ وَمَنْ تَوَقَيْتُهُ مِنَّا فَتَوقَّهُ عَلَى الإيمان اللَّهُمَّ لاَ تَحْرِمْنَا أَجْرَهُ وَلاَ تَفْتِنَّا بَعِدَهُ رواه الترمذي من رواية أَبِي هُريرَةَ وَالأشهلي ورواه أَبُو داود من رواية أَبِي هُريرَةَ وأبي قتادة قالَ الحاكمحديث أَبِي هُريرَةَ والأشهلي ورواه أَبُو داود من رواية أَبِي هُريرَةَ وأبي قتادة قالَ الحاكمحديث أَبِي هُريرَة صحيح عَلَى شرط البخاري ومسلم قالَ الترمذيقالَ البخاري: أصبَحُ رواياتِ هَذَا العاب حديث عَوْفِ ابن الحديث رواية الأشْهلِيِّ قالَ البخاري: وأصح شيء في هَذَا الباب حديث عَوْفِ ابن مَالِكٍ

বাংলা

(১৩২৬) আবৃ হুরাইরা (রাঃ) আবৃ কাতাদাহ (রাঃ) এবং আবৃ ইব্রাহীম আশহালী (রাঃ) তাঁর পিতা হতে যিনি সাহাবী ছিলেন বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জানাযার নামায পড়ার সময় এই দু'আ পড়লেন,

'আল্লা-হুম্মাগফির লিহাইয়িনা অমাইয়িতিনা অস্বাগীরিনা অকাবীরিনা অযাকারিনা অউনসা-না অ শা-হিদিনা অগা-য়িবিনা, আল্লা-হুম্মা মান আহয়্যাইতাহু মিন্না ফাআহয়িহি আলাল ইসলাম, অমান তাওয়াফফাইতাহু মিন্না ফাতাওয়াফফাহু আলাল ঈমান, আল্লা-হুম্মা লা তাহরিমনা আজরাহ, অলা তাফতিনা বা'দাহ।

অর্থ- হে আল্লাহ! আমাদের জীবিত-মৃত, ছোট-বড়, পুরুষ ও নারী, উপস্থিত ও অনুপস্থিতকে ক্ষমা ক'রে দাও। হে আল্লাহ! আমাদের মধ্যে যাকে তুমি জীবিত রাখবে তাকে ইসলামের উপর জীবিত রাখ এবং যাকে মরণ দিবে তাকে ঈমানের উপর মরণ দাও। হে আল্লাহ! ওর সওয়াব থেকে আমাদেরকে বঞ্চিত করো না এবং ওর পরে আমাদেরকে ফিতনায় ফেলো না।

(তিরমিয়ী ১০২৪ আবূ হুরাইরা ও আশহালী হতে, আবূ দাউদ ৩২০৩ আবূ হুরাইরা ও আবূ ক্কাতাদাহ হতে। হাকেম বলেছেন, আবূ হুরাইরার হাদীস বুখারী ও মুসলিমের শর্তে সহীহ। তিরমিয়ী বলেন, বুখারী বলেছেন, এ



হাদীসের সবচেয়ে সহীহ বর্ণনা হল আশহালীর বর্ণনা। বুখারী বলেন, এ বিষয়ে সবচেয়ে সহীহ হল আওফ বিন মালেকের হাদীস। নাসাঈ ১৯৮৬, ইবনে মাজাহ ১৪৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন